

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী বলেছেন, চারুকলায় বাংলা বর্ষবরণ আনন্দ শোভাযাত্রার অন্যতম মোটিফ ‘ফ্যাসিবাদের মুখাকৃতি’ পুড়ে যাওয়ার ঘটনার পর শোভাযাত্রায় ‘এই দানবের উপস্থিতি আরও অবশ্যস্বাবী হয়ে’ উঠেছে। আজ শনিবার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে শেয়ার করা এক পোস্টে তিনি এই কথা বলেন।

ফারুকী তাঁর স্ট্যাটাসে বলেন, ‘হাসিনার দোসররা গতকাল ভোররাতে চারুকলায় ফ্যাসিবাদের মুখাবয়ব পুড়িয়ে দিয়েছে। এই দুঃসাহস যারা দেখিয়েছে—সফট আওয়ামী লীগ হোক বা আওয়ামী বি টিম হোক—তাদের প্রত্যেককেই আইনের আওতায় আসতে হবে, দ্রুত।

তিনি বলেন, ‘এই শোভাযাত্রা থামানোর চেষ্টায় আওয়ামী লীগের হয়ে যারা কাজ করছে, আমরা শুধু তাদের আইনের আওতায় আনব তা না, আমরা নিশ্চিত করতে চাই—এবারের শোভাযাত্রা যেন আরও বেশি তাৎপর্যপূর্ণ হয়।

উপদেষ্টা বলেন, ‘কাল রাতের ঘটনার পর হাসিনার দোসররা জানিয়ে দিয়ে গেল, বাংলাদেশের মানুষ এক হয়ে উৎসব করুক তারা এটা চায় না। আমরা এখন আরও বেশি ডিটারমাইনড এবং আরও বেশি সংখ্যায় অংশ নেব।

তিনি আরও বলেন, ‘গত কিছুদিন জুলাই আন্দোলনের পক্ষের অনেকেই বলেছিলেন, এবারের শোভাযাত্রা সবচেয়ে অন্তর্ভুক্তিমূলক ও ভিন্ন রকমের হচ্ছে। এখানে ফ্যাসিবাদের ওই বিকট মুখ না রাখাই ভালো। আমরাও সব রকম মত নিয়েই ভাবছিলাম, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মত জানার চেষ্টা করছিলাম। কিন্তু কালকের ঘটনার পর এই দানবের উপস্থিতি আরও অবশ্যস্বাবী হয়ে উঠল। জুলাই চলমান।

ঢাবি আন্দোলন সংস্কৃতি মন্ত্রণালয় মোস্তফা সরয়ার ফারুকী উপদেষ্টা চারুকলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:06

URL: <https://www.timestodaybd.com/national/652775807>